



Excellence in Sports

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, সাভার, ঢাকা।

www.bksp.gov.bd

নং-৩৪.০৪.০২০০.০০৪.০০.০২৮.১৬- ১৭৮

তারিখঃ ১৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ

০২ অক্টোবর ২০২০ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স-২০২০

আগামী ৩১ অক্টোবর ২০২০ খ্রি. তারিখ থেকে ২০ নভেম্বর ২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বিকেএসপি, জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকায় ০৩ সপ্তাহ ব্যাপী "প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স-২০২০" অনুষ্ঠিত হবে। বিকেএসপির অভিজ্ঞ দেশি-বিদেশী প্রশিক্ষক ও ক্রীড়া বিজ্ঞানীগণ এবং সংশ্লিষ্ট ক্রীড়া ফেডারেশনের বিশেষজ্ঞ প্রশিক্ষক কর্তৃক উক্ত কোর্সসমূহ পরিচালিত হবে। যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

- ১। কোর্সের বিষয় - আর্চারি এবং বাল্কেটবল।
- ২। কোর্সের সময়কাল - ৩১ অক্টোবর ২০২০ খ্রিঃ থেকে ২০ নভেম্বর ২০২০ খ্রিঃ পর্যন্ত ০৩ সপ্তাহ।
- ৩। যোগ্যতা - ক) আন্তর্জাতিক/জাতীয়/আন্তঃবাহিনী/স্থানীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের অভিজ্ঞতা সম্পন্ন/বিপিএড ডিগ্রি ধারী/স্কুল ও কলেজের শারীরিক শিক্ষক/ক্লাব বা ক্রীড়া সংস্থার কোচ/ক্রীড়া পরিচালক হতে হবে।
খ) শিক্ষাগত যোগ্যতাঃ ন্যূনতম এইচ এস সি পাশ বা সমমান। জাতীয় দলের খেলোয়াড়দের জন্য শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
গ) ব্যবহারিক ক্লাসে অংশগ্রহণের জন্য শারীরিক ও মানসিক যোগ্যতাসম্পন্ন হতে হবে।
ঘ) তাত্ত্বিক ও ব্যবহারিক সকল ক্লাসে অংশগ্রহণ বাধ্যতামূলক।
- ৪। বয়স - ১৮ হতে ৪০ বৎসর পর্যন্ত।
- ৫। কোর্সের প্রকৃতি - আবাসিক। থাকা-খাওয়া এবং প্রাথমিক চিকিৎসা সুবিধাদি বিকেএসপি হতে প্রদান করা হবে। খেলার যাবতীয় সামগ্রী ও পোষাকাদী প্রার্থী নিয়ে আসবেন।
- ৬। কোর্স ফি - ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা। নির্বাচিত প্রার্থী বিকেএসপিতে যোগদানের সময় নগদ প্রদান করবে।
- ৭। সংশ্লিষ্ট সকল ক্রীড়া ফেডারেশন/সকল জেলা ক্রীড়া সংস্থা/বিশ্ববিদ্যালয়/সার্ভিসেস/কলেজ/স্কুল/ক্লাব হতে সর্বোচ্চ ২ জন প্রার্থীর (পুরুষ অথবা মহিলা) অংশগ্রহণ করার সুযোগ রয়েছে। আবেদনকৃত প্রার্থীদের সনদপত্র যাচাইপূর্বক যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে মেধানুযায়ী প্রার্থীকে কোর্সের জন্য মনোনয়ন দেয়া হবে এবং প্রদত্ত মোবাইল নম্বরে অবগত করা হবে।
- ৮। আবেদনের শেষ তারিখঃ ২২ অক্টোবর ২০২০ খ্রি. (প্রয়োজনে আর্চারি +৮৮ ০১৫১৫২১২০৬৩ , বাল্কেটবল +৮৮ ০১৬৭৬০১১৭৪১)।
- ৯। প্রার্থীকে নিম্নলিখিত হুক অনুযায়ী অনলাইনে আবেদন করতে হবে।

bkspds.gov.bd	>	Online registration	>	Apply	>	Coaches Course (Archery/Basketball)	>	Form fill up with required information>	>	Submit	>	Print
---------------	---	---------------------	---	-------	---	-------------------------------------	---	---	---	--------	---	-------

কর্ণেল মোঃ মিজানুর রহমান, পিএসসি
পরিচালক (প্রশিক্ষণ)
বিকেএসপি।